মেহেরপুরে ফুটবল খেলাকে কেন্দ্র করে দু’পক্ষের সংঘর্ষে আহত ২

মেহেরপুরের রাধাকান্তপুর মধ্যপাড়ায় ফুটবল খেলা কে কেন্দ্র করে সৃষ্ট মনোমালিন্য থেকে উদ্ভূত সংঘর্ষে গুরুতর আহত হয়েছেন দুই জন।

গতকাল সোমবার (২৮ আগষ্ট) রাতে দুই পক্ষের সৃষ্ট সংঘর্ষে রাধাকান্তপুর মধ্যপাড়ার আব্দুল কাদের মিয়ার ছেলে রিপন মিয়া(৩৫) এবং মোঃ জাহর আলীর ছেলে মোঃ সাজু মিয়া (৩৬) গুরুতর আহত হয়। আহতদের উদ্ধার করে মপহেরপুর সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক রিপন মিয়াকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। আহত অপর ব্যক্তি সাজু মেহেরপুর সদর হাসপাতালে চিকিৎসাধীন আছে।

এলাকাবাসী সুত্রে জানা গেছে, সংঘর্ষের আগের দিন ২৭ আগষ্ট সন্ধ্যা ৭টায় ফুটবল খেলাকে কেন্দ্র করে রাধাকান্তপুরের আব্দুস সালামের ছেলে মিলন ও মোঃ জাহর আলীর ছেলে সানির মধ্যে মনোমালিন্য হয়। এরই জের ধরে গতকাল সোমবার রাতে সংঘর্ষের সুত্রপাত হয়।

মেহেরপুর থানা পুলিশের একাধিক সূত্র ঘটনার সত্যতা নিশ্চিত করে জানিয়েছে এ ব্যাপারে থানায় কোন পক্ষ লিখিত অভিযোগ করেনি। লিখিত অভিযোগ প্রার্থী সাপেক্ষে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে ছাগল পালন করে স্বাবলম্বী প্রতিবন্ধী সাহাবুল

ছাগল পালন করে স্বাবলম্বী এখন প্রতিবন্ধী সাহাবুল। শিশুকালে একটি দুর্ঘটনায় দুটি হাত হারিয়ে প্রতিবন্ধী হয়ে পড়েন তিনি। পরিবারের

বোঝা না হয়ে নিজেই নেমে পড়েন ছাগল লালন পালনে। বছর শেষে লাখ টাকা আয় করছেন মেহেরপুর সদর উপজেলার গোপালপুর গ্রামের সাহাবুল ইসলাম। প্রতিবন্ধী হলেও এলাকায় তিনি এখন রোল মডেল। ভিক্ষাবৃত্তি বেছে না নিয়ে নিজের ইচ্ছেয় স্বাবলম্বী হয়ে পরিবারের জোগাচ্ছেন অর্থ। সংসার জীবনে দুই কন্য সন্তান নিয়ে বড় স্বপ্ন দেখছেন তিনি।

৯ বছর বয়সে বন্ধুদের সাথে গ্রামের মাঠে পাখি ধরতে গিয়ে বৈদ্যুটিক খুটিতে উঠেন সাহাবুল। ১২ হাজার ভোল্টের তারে হাত দিতে পুড়ে যায় দুই হাত। হাসপাতালে নিলে ডাক্তার কেটে ফেলে দেন হাত দুটি। সেই থেকে অক্ষম হয়ে পড়েন সাহাবুল। এতে দমে যায়নি সে। ভিক্ষাবৃত্তি বেছে না নিয়ে পিতার সাথে ৫টি ছাগল কিনে নিয়ে শুরু করেন ছাগল লালন পালন। ৫টি ছাগল থেকে এখন তার ছাগল ৪০টি। প্রতি বছর ছাগল বিক্রি করে আয় করছেন লাখ টাকা। তাকে দেখে এখন অনেকে ছাগল লালন পালন শুরু করেছেন। গ্রামের সবাই তাকে বিভিন্ন ভাবে সহযোগীতা করে থাকেন। এলাকায় এখন সে রোল মডেল।

সকাল থেকে সন্ধ্যা পর্ষন্ত ছাগল নিয়ে গ্রামের মাঠে মাঠে ঘুরে বেড়ান। সন্ধ্যায় বাসায় ফিরে চায়ের দোকান বা বন্ধুদের সাথে সঙ্গ দেন সাহাবুল। দুই হাত না থাকায় কোন আপসোস নেই তার। ভালো ভাবে বেচে আছেন এতেই খুশি তিনি। সংসার জীবনে দুই কন্য সন্তানদের নিয়ে স্বপ্ন বুনছেন। সন্তানদের উচ্চ শিক্ষা সহ ভালো যায়গায় বিয়ে দিতে পারলে তার সব স্বপ্ন পূরন হবে বলে জানান। দুই হাত না থাকায় পা দিয়ে নিজেই করেন খাওয়া দাওয়া। বিয়ের আগে ব্যক্তিগত কাজ তার মা করে দিতেন সেই কাজ এখন স্ত্রী করেন। স্থানীয়রা বলছেন অনেকের হাত-পা থাকলেও বেকার ঘুরে বেড়ান। কিন্তু সাহাবুল প্রতিবন্ধী হলেও নিজে এখন স্বাবলম্বী। সরকারী ভাবে সাহায্য সহযোগীতা পেলে আরো উন্নতি করতে পারতো প্রতিবন্ধী সাহাবুল।

মোঃ সাহাবুল ইসলাম (প্রতিবন্ধী) হয়েও আমি ছাগল পালন করে স্বাবলম্বী এটি আমার কাছে গর্বের। দুই হাত না থাকলেও কোন আপসোস নেই। ভালো ভাবে বেঁচে আছি এতেই খুশি আমি। তিনি বলেন, আমার দুটি সন্তান তাদের উচ্চ শিক্ষা সহ ভালো যায়গায় বিয়ে দিতে পারলে সব স্বপ্ন পূরন হবে আমার।

স্থানীয় বাসিন্দা রমজান আলী বলেন, আমরা সাধুবাদ জানায় সে নিজের উদ্যোগে ছাগল পালন করে সংসার চালায়। তার দুই হাত নেই তার পরেও সে ভিক্ষাবৃত্তি না করে ছাগল পালন করে স্বাবলম্বী হয়েছে।

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মতিউর রহমান বলেন, প্রতিবন্ধী হয়েও ছাগল পালন করে স্বাবলম্বী হওয়া সাহাবুলকে যেভাবে পারি আমার ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে র্সবোচ্চ সহযোগিতা করতে চাই।

মেহেরপুর জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সাইদুর রহমান বলেন, জেলা প্রাণিসম্পদ বিভাগের পক্ষ থেকে ছাগলের যেকোনো রোগের বিনামূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ থেকে শুরু করে সার্বিক সহযোগিতা করে আসছে।

মেহেরপুরের পাট চাষিদের মাথায় হাত উৎপাদন খরচের অর্ধেক দাম হচ্ছে না

মেহেরপুরে চলতি মৌসুমে পাটের ভালো ফলন হলেও দাম নিয়ে হতাশ চাষিরা। পাট জাগ ও দাম নিয়ে চিন্তো ভাঁজ দেখা দিয়েছে কৃষকের কপালে। এ ছাড়া শ্রমিক ও পানির অভাবে জাগ দিতে না পারায় অনেক কৃষকের পাট এখনও ক্ষেতেই রয়ে গেছে। পাট বিক্রির টাকা দিয়ে মাঠ থেকে পরিবহন করচ,জাগ দিতে পানির ভাড়াএবং আশ ছাড়ানোর যে খরচ হচ্ছে তার অর্ধেক টাকা হচ্ছে পাট বিক্রি করে। খরচের বাকি অর্ধেক টাকা গুনতে হচ্ছে পকেট থেকে। অন্যান্য বছরে পাটের দাম যায় হোক ক্রেতা ছিল অনেক। কিন্তু এবছর পাটের তেমন ক্রেতা না থাকায় পাইকারি ব্যাপারীরা তাতের ইচ্ছে মোতাবেক দাম বল্লে কৃষকদের সেই দামেই পাট বিক্রি করতে হচ্ছে।

বেশ কয়েকজন কৃষকের সঙ্গে কথা বলে জানা গেছে, এক মণ পাট ঘরে তুলতে প্রায় ২ হাজার টাকা খরচ হয়েছে। বর্তমান বাজারে ১ হাজার ৩০০ টাকা দরে পাট বিক্রি হচ্ছে। শ্রমিকের মজুরি পরিশোধ করতে লোকসানেই পাট বিক্রি করতে বাধ্য হচ্ছেন কৃষকরা।

জেলা কৃষি অফিস সূত্রে জানাগেছে, এ অঞ্চলের কৃষকের অর্থকারি ফসল সবজির পাশাপাশি প্রধান ফসল পাট। গত দুই বছরে কাংখিত দাম পেয়ে

এবার অধিক জমিতে পাট চাষ করেছেন কৃষকরা। চলতি মৌসুমে মেহেরপুর জেলায় প্রায় ২২ হাজার ৭৩৪ হেক্টর জমিতে পাট চাষ করা হয়েছে। জেলায় এবছর পাট চাষের লক্ষমাত্রা ধরা হয়েছিল ২১ হাজার হেক্টর।
প্রতি বিঘায় ফলন হয়েছে ১২ থেকে ১৪ মণ পর্যন্ত । মেহেরপুরে এবছর তেমন বৃষ্টিপাত না হওয়ায় আশপাশের কৃষকরা পাট কেটে জাগ দিতে পারেনি । পলে তারার স্যালোমেশিন দিয়েই পানি সরবরাহ করে পাট জাগ দিচ্ছেন। অনেকেই এখনও পাট কেটে ক্ষেতেই রেখে দিয়েছেন।

সাধারণত পাটের মৌসুম শেষ হলে কৃষকরা জমিতে ধান আবাদ করে থাকেন। কিন্তু জাগ দেওয়ার সমস্যা, শ্রমিক সংকট ও বাজারে প্রত্যাশিত দাম না থাকায় অনেকে পাট বিক্রি করতে পারছেন না। ফলে বীজতলা প্রস্তত থাকলেও চাষিদের অনেকে এখনও ধান রোপণ করতে পারেননি। এতে কৃষকদের মধ্যে হতাশার সৃষ্টি হয়েছে।

কাথুলী ইউনিয়নের নওপাড়া গ্রামের কৃষক রজিবুল ইসলাম বলেন, গত দুই বছরে পাটের দাম ভালো থাকায় এ বছর এনজিও থেকে ঋণ নিয়ে তিনি চার বিঘা জমিতে পাট চাষ করেছেন। বীজ রোপণ থেকে শুরু করে এ পর্যন্ত প্রতিমণ পাট ঘরে তুলতে প্রায় ২৪-২৫শ টাকা খরচ হয়েছে। সে পাট এখন বাজারে বিক্রি হচ্ছে মণপ্রতি ১৫০০ টাকা থেকে ১৬০০ টাকায় । কাচা পাট বিক্রি হচেছ প্রতিবেল ৩৫০ টাকা থেকে ৪০০ টাকা দরে। তবুও কেতা নেই। লোকসান দিয়েই পাট বিক্রি করতে হচ্ছে কৃষকদের।

সাহারবাটি ইউনিয়নের ভাটপাড়া গ্রামের ইমান আলি জানান, দাম কম থাকায় এ বছর ক্ষেত থেকে পাট কাটতে ইচ্ছে করছে না তাঁর। তিনি জানান, একজন শ্রমিককে রোজ ৫০০-৬০০ টাকা দিয়ে পাট কাটতে হচ্ছে। খেতের আশপাশে পানি না থাকায় দূরে নিয়ে জাগ দিতে হচ্ছে। এতে পরিবহন ব্যয় বাবদ আঁটি প্রতি ৫-৬ টাকা খরচ হচ্ছে। অনেকে পুকুর ভাড়া করে পাট জাগ দিচ্ছেন। সব মিলিয়ে এ বছর পাট চাষে কৃষকরা পড়েছেন লোকসানের মুখে। একি বঘা জমির পাট এখন মাঠে পড়ে আছে তা জাগ দেয়ার কোন ইচ্ছে নেই শুকিয়ে গেলে জ্বালানির জন্য নিয়ে আসবো।

ভাটপাড়া গ্রামের কৃষক আক্কাস আলী বলেন, কয়েক বছরের তুলনায় এ বছরই পাটের দাম অর্ধেকেরও কম। পানি না থাকায় পাট জাগ দেওয়া অনেক কষ্টের ব্যাপার। এসব কষ্ট সুখে পরিণত হতো, যদি পাটের ভালো দাম পাওয়া যেত। এখন তো পাট গলার ফাঁস হয়ে যাচ্ছে। পাটের দাম বৃদ্ধি করা না হলে অনেক কৃষককে পথে বসতে হবে। জীবনে আর পাটের আবাদ করবেননা বলেও জানান তিনি।

কৃষক হাবিবুর রহমান বলেন, এক বিঘা জমি বর্গা নিয়ে পাটের আবাদ করেছিলাম। এ আবাদে আমাকে ১০ হাজার টাকা এনজিও ঋণ নিতে হয়েছে। পাট কিক্রি করে ঋণ পরিশোধ করবো বলে মনে আশা ছিল। কিন্তু ঋণ পরিশোধ করাতো দুরের কথা পকেট থেকে শ্রমিকদের খারচ দিতে হয়েছে। পাটের আবাদ আর কেনদিন করবেনা বলে প্রতিজ্ঞাবদ্ধ হন তিনি।

গাড়াবাড়িয়া গ্রামের পাইকারি পাট ব্যবসায়ী রিয়াজুল ইসলাম বলেন,গত বছরের পাট বিক্রি করতে না পেেও গোডাউনে ভর্তি করা আছে। যে দামে পাট ক্রয় করেছি বিক্রি করতে গেলে তার অর্ধেক দাম পাচ্ছি সে কারনে পাট কেনা বেচা বন্ধ।

পাইকার ইউসুব আলী জানান,পাট কিনে দাম পাচ্ছিনা। কৃষকরা যে দামেই হোক বিক্রি করতে পারছে কিন্তু আমাদের কিনে লোকসান হচ্ছে। যে কারনে এবছর পাট কিনতে হচ্ছে গত বছরের তুলনায় অর্ধেক দামে।

মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক শংকর ককমার মজুমদার বলেন, অন্যান্য বার দাম ভালো হওয়ায় এ বছর সে আশায় কৃষকরা পাট চাষ করেছেন। উৎপাদন লক্ষ্যমাত্রা ছাড়িয়েছে। পানির অভাবে কৃষকদের পাট জাগ দিতে সমস্যা হচ্ছে। তবে কয়েক দিন ভারী বৃষ্টি হলে এ সমস্যা থাকবে না। বর্তমানে পাটের দাম নেই। কৃষকরাও হতাশ। তবে পাটের দাম কিছু দিনের মধ্যে বৃদ্ধির সম্ভাবনা রয়েছে।

মেহেরপুরে ভোটকেন্দ্র বেড়েছে ১৮টি, নির্বাচন কমিশনের খসড়া তালিকা

দ্বাদশ সংসদ নির্বাচন উপলক্ষে সংসদীয় আসন ৭৩ মেহেরপুর-১ ও সংসদীয় আসন ৭৪ মেহেরপুর-২ মিলে সমগ্র জেলায়নএকাদশ সংসদ নির্বাচনের চেয়ে মোট ১৮টি ভোটকেন্দ্রের সংখ্যা খসড়া তালিকা প্রকাশ করা হয়েছে।

ভোটকেন্দ্র স্থাপন নীতিমালা অনুযায়ী মাঠপর্যায়ে গঠিত সংশ্লিষ্ট কমিটি সারা দেশে গত ১৬ আগষ্ট বুধবার এই খসড়া তালিকা প্রকাশ করে।

এতে মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলার ১১টি ইউনিয়ন ও ১টি পৌরসভা নিয়ে নিয়ে গঠিত সংসদীয় আসন ৭৩ মেহেরপুর ১ আসনে মোট ১১৮ টি ভোটকেন্দ্র ৭০১ টি বুথ ও ৩ লক্ষ ৫ হাজার ৯৫৭ জন ভোটার এবং সংসদীয় আসন ৭৪ এ মোট নয়টি ইউনিয়ন ও একটি পৌরসভা নিয়ে গঠিত মেহেরপুর-২ আসনটিতে ৮৮ টি ভোট কেন্দ্র ৬১৮ টি বুথ ও ২ লক্ষ ৭৭ হাজার ৩৬৪ জন ভোটার প্রস্তাব করে খসড়া তালিকা প্রকাশ করা হয়েছে।

মেহেরপুর জেলা নির্বাচন কর্মকর্তা মোঃ ওয়ালিউল্লাহ বলেন, ‘ভোটকেন্দ্রের খসড়া তালিকা নিয়ে কারো কোন আপত্তি থাকলে তা ৩১ আগস্টের মধ্যে জানাতে হবে। আগামী ১৭ ই সেপ্টেম্বর খসড়া তালিকা থেকে চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে। নতুন প্রস্তাবিত ভোট কেন্দ্রের খসড়া তালিকায় পূর্বের কোনো কেন্দ্র বাদ যায়নি। উপরন্ত ভোটার সংখ্যার বিবেচনায় নতুনভাবে দুইটি আসন মিলে মোট ১৮টি ভোটকেন্দ্র বৃদ্ধি করার প্রস্তাব রাখা হয়েছে খসড়া তালিকায়।’

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ১০ আসামি

মেহেরপুরে পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ১০ জন আসামি গ্রেফতার করা হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৭ আসামি, গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ১ ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ২ আসামি রয়েছে।

সোমবার (২৮ আগস্ট) দিবাগত রাতে অভিযান চালিয়ে আজ মঙ্গলবার ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়েছে। সংশ্লিষ্ট থানাগুলো এই তথ্য নিশ্চিত করেছেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, গাংনী থানার

ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের একাধিক টিম অভিযান চালান।

আজ মঙ্গলবার (২৯ আগস্ট) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে মাদকাসক্তি প্রতিরোধ ও সচেতনতা বিষয়ক মতবিনিময় সভা

মেহেরপুরে মহিলাদের নিয়ে মাদকাসক্তি প্রতিরোধ ও সচেতনতা বিষয়ক মত বিনিময় সভা ও লিফলেট বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকেল চারটার দিকে মল্লিক পাড়ায় আলোচনা সভার আয়োজন করে প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

মাদকাসক্তি প্রতিরোধ ও সচেতনতা বিষয়ক মত বিনিময় সভায় সভাপতিত্ব করেন প্রশিকার বিভাগীয় ব্যবস্থাপক হাফিজুর রহমান। আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন মাদকাসক্তি ও প্রতিরোধের বিভাগীয় প্রধান প্রদীপ কুমার বিশ্বাস।

স্বাগত বক্তব্য রাখেন প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের এরিয়া ম্যানেজার ওসমান গনি। অনুষ্ঠানের বিশেষ অতিথি ছিলেন মহিলা কাউন্সিলর রেক্সোনা কামাল রেনু।

এ সময় উপস্থিত ছিলেন প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের হিসাব রক্ষক রিতা সাহা, কর্মী সেলিম রেজা, মমতাজ বেগম, দিলরুবা খাতুনসহ দেড় শতাধিক মা ও বোনেরা।

এসময় বক্তারা বলেন, বাংলাদেশসহ সারা বিশ্বে মাদক তথা নেশা জাতীয় দ্রব্য সেবন মারাত্মক আকার ধারণ করেছে। নারী-পুরুষ, যুবসম্প্রদায় কিশোর-কিশোরীরাও মাদকের ভয়ংকর ছোবল থেকে রেহাই পাচ্ছে না। এ

নেশা ভবিষ্যত প্রজন্মের জন্য অত্যন্ত ক্ষতিকর প্রভাব তৈরি করবে। সৃষ্টি হবে একটি পঙ্গু ও জরাগ্রস্ত সমাজ। মানুষ একবার নেশাগ্রস্ত হয়ে পড়লে সহজে স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারে না। নেশার কৃষ্ণ সম্পর্কে নিজ পরিবারসহ সমাজের সকল স্তরের মানুষের সচেতন হওয়ার গুরুত্ব অপরিসীম। দেশের যুবসমাজ বিপথে চালিত হলে সমাজ ক্ষতিগ্রস্ত হয় এবং যুবসম্প্রদায়ের মেধাশক্তি বিনষ্ট হয়। অথচ উন্নত সমাজ গড়ে তোলার জন্য দরকার মেধা ও দক্ষ নেতৃত্বসম্পন্ন যুবসমাজ। তাই সুস্থ সমাজ গড়ে তোলার ক্ষেত্রে সমাজের সকল স্তরের মানুষ বিশেষ করে নেতৃস্থানীয় মানুষদের নিয়ে প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের মাদকাসক্তি প্রতিরোধ ও সচেতনতা বিষয়ক মত বিনিময় সভা এবং লিফলেট বিতরণ।

মুজিবনগরে বিজ্ঞান উৎসব অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, স্কুলের শিক্ষার্থীদের বিভিন্ন আবিষ্কার নিয়ে বিজ্ঞান উৎসব- ২০২৩ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার দুপুরে মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে এই বিজ্ঞান উৎসব অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এই বিজ্ঞান উৎসবের উদ্বোধন করেন।

পরে বিজ্ঞান উৎসব স্থলে আলোচনা সভা পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতত্বে এবং সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা একাডেমিক সুপারভাইজার

হাসনাইন করিম, মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম। বিজ্ঞান উৎসবে উপজেলার বিভিন্ন বিজ্ঞানভিত্তিক প্রজেক্ট নিয়ে ৮টি স্কুল অংশগ্রহণ করে।

বিজ্ঞান উৎসবে অন্ধ মানুষদের জন্য ব্লাইন্ড সিগন্যাল চশমা তৈরি করে প্রথম স্থান অধিকার করে বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করে মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়, তৃতীয় স্থান অধিকার করে মুজিবনগর আম্রোকানন মাধ্যমিক বিদ্যালয়।

বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন প্রধান অতিথি উপজেলা নির্বাহী অফিসার।

মেহেরপুর ফুটবল অ্যাসোসিয়েশনের নির্বাচনের একক প্যানেলের মনোনয়নপত্র জমা

মেহেরপুর জেলা ফুটবল অ্যাসোসিয়েশনের আসন্ন চতুর্থ বার্ষিকী নির্বাচনে মনোনয়নপত্রের জমাদানের শেষ দিনে শুধুমাত্র আব্দুস সামাদ বাবুল বিশ্বাস প্যানেলের ১৩ প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন।

আজ সোমবার বিকাল ৪ টা পর্যন্ত একটামাত্র প্যানেল মনোনয়নপত্র উত্তোলন ও জমা দিয়েছেন।

সোমবার (২৮ আগস্ট) দুপুরে জেলা ফুটবল অ্যাসোসিয়েশনের চতুর্থ বার্ষিকী নির্বাচন পরিচালনা কমিটির কমিশনার দেলোয়ার রহমান রিগানের হাতে তাদের মনোনয়ন পত্র জমা দেন।

মনোনয়নপত্রে সভাপতি পদে আব্দুস সামাদ বাবুল বিশ্বাস, সহ-সভাপতি পদে আনোয়ারুল হক শাহী, অ্যাডভোকেট কাজী শহিদুল হক, কোষাধক্ষ্য ওমর ফারুক খান, নির্বাহী সদস্য মোঃ আতর আলী, আফতাব আলী খান,

আব্দুল মালেক, সাইদুল ইসলাম, শাহ জামান, রওশন আলী, আল মামুন, সোহেল রানা সবুজ ও এ এইচ শাফিউল কবির।
এসময় কমিশনের শফিউল আলম সেখানে উপস্থিত ছিলেন।

প্রধান নির্বাচন কমিশনার মুহা: আব্দুল্লাহ আল আমিন বলেন, নির্বাচন উপলক্ষে ১৮/০৮/২৩ তারিখে খসড়া ভোটার তালিকা প্রকাশ, আপত্তি দাখিল ও নিস্পত্তি ২১/০৮/২৩, চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশ ২৪/০৮/২৩, মনোনয়নপত্র বিতরণ ২৬/০৮/২৩, প্রার্থী কর্তৃত মনোনয়নপত্র জমা দান ২৮/০৮/২৩, মনোনয়নপত্র যাছাই, আপত্তি ও নিস্পত্তি ৩০/০৮/২৩, প্রার্থীতা প্রত্যাহার ০১/০৯/২৩, চুড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ ০৩/০৯/৩৪ ও নির্বাচন আগামী ৫/০৯/২৩ ইং।

মুজিবনগরে নাশকতা মামলার আসামি জামায়াত নেতা গ্রেফতার

মেহেরপুরের মুজিবনগর থানা পুলিশের অভিযানে নাশকতার অভিযোগে পুলিশের দায়ের করা মামলার এজাহারনামীয় আসামি সাইয়েদুল ইসলাম (৫৫) কে গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃত সাইয়েদুল ইসলাম মুজিবনগর উপজেলার মহাজনপুর গ্রামের সুরত আলীর ছেলে।

গতকাল রবিবার দিবাগত রাতে মুজিবনগর থানা পুলিশ তার বাড়িতে অভিযান চালিয়ে সাইয়েদুল ইসলামকে গ্রেফতার করেন। তার নামে মুজিবনগর থানা পুলিশের দায়ের করা বিশেষ ক্ষমতা আইনে দায়ের করা নাশকতার মামলা নং ১১, তারিখ ২৪/০১/২৩ ইং।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেছেন, গোপন সংবাদে অভিযান চালিয়ে নাশকতার অভিযোগে জামায়াতের এই নেতাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত জামায়াত নেতা সাইয়েদুল ইসলামকে আজ সোমবার (২৮ আগস্ট) দুপুরের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

যায়না মশা। পৌর কর্তৃপক্ষের পাশাপাশি সাধারন নাগরিকদের আরো সচেতন সহ পরিস্কার পরিচ্ছনতা থাকলে নিয়ন্ত্রনে আনা যাবে ডেঙ্গু। অন্য দিকে জেলা স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে ডেঙ্গু প্রতিরোধসহ মশার হাত থেকে রক্ষা পেতে বিভিন্ন ধরনের পরামর্শ দিয়ে আসছেন তারা।

মেহেরপুর পৌর সভার ২ নং ওয়ার্ডের বাছিরন নেছা বলেন, আমরা মশার অত্যাচারে ঘুমাতে পারছিনা। মশার জালায় ৫ মিনিট থাকতে পারছিন। বাড়িতে বাইরে কোথাও থাকা যাচ্ছেনা মশার অত্যচারে। এসব ড্রেনের মশা। ড্রেন পরিস্কার করা হয়না যে।

পৌর সভার আরেক নাগরিক হুমাইয়ারা খাতুন বলেন, সন্ধ্যায় মশার বেশী কামড়াচ্ছে। আমরা গরীব মানুষ। মশার কয়েল আর কত কিনবো। আমরা ভোট দিয়ে পৌরসভার মেয়র বানিয়েছি। তাদের তো উচিৎ আমাদের সুযোগ সুবিধা দেখার।

মেহেরপুর হালদারপাড়ার সখিনা বলেন, মশার কামুড়ে কোনো যায়গায় দাঁড়াতে পারছিনা। যেখানে যাচ্ছি সেখানেই কামড়াচ্ছে। ড্রেন পরিস্কার করা হয়না। যেকারনে মশার উপদ্রপ দিন দিন বাড়ছে। পৌরসভার মেয়রের দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন নিয়মিত ড্রেন পরিস্কার করেন।

মেহেরপুর ২৫০ শষ্যা বিশিষ্ঠ জেনারেল হাসপাতালের তত্বাবধায়ক ডা: জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার বলেন, মেহেরপুরকে এখন ডেঙ্গু আক্রান্ত এলাকা হিসেবে চিহ্নিত করা হয়েছে। এ পর্যন্ত জেনারেল হাসপাতালে ২৫ জন ডেঙ্গু পজেটিভ রোগী পেয়েছি। এর মধ্যে ১৯ জন এই হাসপাতাল থেকে চিকিৎসা নিয়েছেন। বর্তমানে ৬ জন রোগী ডেঙ্গু ওয়ার্ডে ভর্তি রয়েছে। ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলা করার জন্য মেহেরপুর হাসপাতাল একটি বিশেষ টিম গঠন করা হয়েছে। এছাড়া ডেঙ্গু সনাক্তরকরণ কীট এন এস ওয়ান, আইজিএম, আইজিজি কীট দিয়ে সরকারি নির্ধারিত মুল্যে ডেঙ্গু পরীক্ষার ব্যবস্থা আছে।

তিনি আরো বলেন, ডেঙ্গু একটি এডিশ মশা বাহিত রোগ। এটি নিয়ন্ত্রণে সরকারের স্বাস্থ্য বিভাগ একা কাজ করে পারবেনা। এজন্য সবাইকে সচেতন হওয়ার পরামর্শ দেন তিনি।

মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, ডেঙ্গু নিয়ে মন্ত্রানলয় থেকে আমাদের নিদের্শনা দেওয়া হয়েছে। সেই মতে পৌরসভা কাজ করে যাচ্ছে। প্রতিটি কাউন্সিলরকে নির্দেশনা দেওয়া হয়েছে। তাদের নিজ নিজ ওয়ার্ডের মানুষকে সচেতন করার জন্য। সচেতনতা